

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/22/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

**গভর্নর কুওমো চারটি মেট্রো-নর্থ রেইলরোড (METRO-NORTH RAILROAD) স্টেশন তৈরি করার ঘোষণা করেছেন ব্রঙ্কসে**

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD), মেট্রোপলিটান ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA), অ্যামট্র্যাকের (Amtrak) মধ্যে চুক্তি রূপান্তরকারী প্রকল্পকে অগ্রসর হতে দিচ্ছে**

**নতুন স্টেশনগুলি পূর্ব ব্রঙ্কসের ট্রানসিট ডেসার্ট অঞ্চলগুলি সংযুক্ত করবে এবং মেট্রো-নর্থ কে করবে পেন স্টেশনের সাথে**

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেন যে MTA, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং অ্যামট্র্যাকের মধ্যে একটি চুক্তিতে পৌঁছানো গেছে যার ফলে চারটি মেট্রো-নর্থ রেইলরোড স্টেশন তৈরি হবে একটি কম ব্যবহৃত রেল লাইনের উপর পূর্ব ব্রঙ্কসে, যার সাথে পেন স্টেশনের যোগাযোগ থাকবে। জড়িত পক্ষগুলি একটি মেমোরান্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর করেছেন যা এই রূপান্তরকারী প্রকল্পটিকে অগ্রসর হবার অনুমোদন দেয়, যার ফলে একটি অত্যন্ত প্রয়োজনীয় পরিবহনের বিকল্প উপলব্ধ হবে এবং বহু ব্রঙ্কসবাসীর জন্য যাতায়াতের সময় নাটকীয়ভাবে হ্রাস পাবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন MTA-এর সাথে কাজ করবে প্রকল্পটির পরিকল্পনা এবং পরিচালনার জন্য যার ফলে ব্রঙ্কসের জন্য অর্থনৈতিক উন্নয়নের এক নতুন প্রজন্ম উন্মোচিত হবে। চুক্তিটির অংশ হিসেবে, অ্যামট্র্যাক এবং MTA এক সাথে লং আইল্যান্ড থেকে পেন স্টেশন অবধি এবং তারপর হয় উত্তরে বস্টন বা দক্ষিণে ওয়াশিংটন অবধি অগ্রসর হয় এমন কয়েকটি ট্রেন দৈনিক চালানোর সম্পাদনযোগ্যতা অধ্যয়ন করবে।

"ব্রঙ্কসের বড় বেশি সংখ্যক বসবাসকারী নির্ভরযোগ্য পরিবহণ ছাড়া রয়েছিলেন যে কারণে আমি এই নতুন স্টেশনগুলির কথা প্রস্তাব করি", **গভর্নর কুওমো বলেছেন।** "নবনির্মিত ময়নিহান স্টেশন বর্তমানে তৈরি হচ্ছে, তার সাথে এই চারটি স্টেশন শুধু পূর্ব ব্রঙ্কসকে ম্যানহ্যাটানের পশ্চিম দিককে যুক্তি করবে না, তার সাথে আমাদের রাজ্যের পরিবহণ কাঠামোকে আমূল পরিবর্তন করার উদ্দেশ্যে আমাদের চলমান প্রচেষ্টাকে আরো অগ্রসর করবে। আমি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশনকে তাদের সহায়তার জন্য ধন্যবাদ জানাতে চাই এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য যাতে ব্রঙ্কসের জন্য অর্থনৈতিক উন্নয়নের এক নতুন প্রজন্ম উন্মোচিত হয়। আমি অ্যামট্র্যাককেও ধন্যবাদ জানাতে চাই তাদের সম্মতির জন্য।"

**কর্মরত MTA-এর চেয়ারম্যান ফার্নান্দো ফেরার বলেন,** "মেট্রো-নর্থের পরিষেবা পূর্ব ব্রঙ্কসের কাছে নিয়ে আসা বোরোর জন্য একটি যুগান্তকারী ঘটনা এবং আমরা সবাই শুরু করার জন্য উদগ্রীব হয়ে ছিলাম। এই প্রকল্পটি পূর্ব ব্রঙ্কসের যাতায়াতের সময় উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে এবং অঞ্চলের ব্যবসা এবং প্রতিষ্ঠানগুলিকে সাহায্য করবে কর্মচারীদের আকর্ষণ করতে। এটা আমার এবং শয়ে শয়ে ব্রঙ্কসবাসীদের একটি দীর্ঘ লালিত স্বপ্ন।"

বলাই বাহুল্য, আমরা গভর্নর কুওমোর অ্যামট্র্যাকের সাথে নেতৃত্বকে অভিবাদন জানাই MTA কে এই প্রকল্পটি এগিয়ে নিয়ে যেতে দেবার জন্য।"

আজ সকালে MTA বোর্ডের মেট্রো-নর্থ কমিটির সাথে মিটিঙের সময়, কমিটিটি HNTB নিউ ইয়র্ক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আর্কিটেকচার-এর (HNTB New York Engineering and Architecture) সাথে 35 মিলিয়ন মার্কিন ডলারের চুক্তিটি অনুমোদন করেন প্রকল্পটির ইঞ্জিনিয়ারিং এবং ডিজাইনের জন্য, যা মেট্রো-নর্থ পেন স্টেশন অ্যাক্সেস প্রকল্প (Metro-North's Penn Station Access) নামে পরিচিত। সম্পূর্ণ MTA বোর্ড চুক্তিটি বিবেচনা করবেন বৃহস্পতিবার। অ্যামট্র্যাকের একটি অনুরূপ অনুমোদনের সাপেক্ষে MTA বোর্ডের কাজ নির্ভর করবে।

নতুন পরিষেবাটি মেট্রো-নর্থ ট্রেনগুলিকে হেল গেট ব্রিজ দিয়ে কুইন্সে নিয়ে আসবে যেখানে সেগুলি লং আইল্যান্ড রেইল রোডের রুটের সাথে মিশে যাবে, তারপর ইস্ট রিভার টানেলস দিয়ে ম্যানহাটানে প্রবেশ করে পশ্চিমে পেন স্টেশনে অগ্রসর হবে। নতুন স্টেশনগুলি ছাড়াও, প্রকল্পটির অন্তর্ভুক্ত রয়েছে নতুন ট্র্যাক এবং সুইচ আর তার সাথে শক্তি, সিগনাল, যোগাযোগ ও পরিকাঠামোর আপগ্রেড। স্টেশনগুলির মধ্যে রয়েছে:

- হান্টস পয়েন্ট
- পার্কচেস্টার/ভ্যান নেস্ট
- মরিস পার্ক
- কো-অপ সিটি

MTA-এর 2015-2019 এর ক্যাপিটাল প্রোগ্রাম প্রকল্পের উদ্দেশ্যে 695 মিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক বিনিয়োগ ধারণ করে যার অন্তর্ভুক্ত 250 মার্কিন ডলারের স্টেটের সংস্থান যা প্রদান করা হবে ESD-র মাধ্যমে। MTA প্রকল্প অতিরিক্ত অর্থায়ন সন্ধান করছে প্রকল্পটি সম্পূর্ণ করার উদ্দেশ্যে 2020-2024 এর ক্যাপিটাল প্রোগ্রামে।

HNTB প্রাথমিক ডিজাইন তৈরি করবে, প্রকল্পের সময়সূচী এবং নির্মাণ কৌশল তৈরি করার সাথে। কাজের অন্তর্ভুক্ত থাকবে লাইন ধরে ট্রেন পরিচালনার বিকল্পগুলি, ট্র্যাকের অ্যালাইনমেন্টের চূড়ান্তকরণ, এবং কমিউনিটি আউটরিচের কাজ। প্রাথমিক ডিজাইনের পরিষেবা ছাড়াও, চুক্তিতে বিভিন্ন নির্মাণ পদ্ধতির বিকল্পও আছে।

পূর্ব ব্রঙ্কসের বাসিন্দাদের যাতায়াতের সময় নাটকীয়ভাবে হ্রাস করা ছাড়াও, মেট্রো-নর্থের ট্রেনগুলি পেন স্টেশনে নিয়ে আসার ফলে পূর্ব ব্রঙ্কসের নিয়োগকর্তাদের কাছে শ্রমের ভান্ডার প্রসারিত হবে উল্লেখযোগ্যভাবে, যেমন মরিস পার্ক অঞ্চলের মেডিক্যাল কমপ্লেক্স, এবং ব্রঙ্কসের বাসিন্দাদের যাতায়াতের সুযোগও করে দেবে ওয়েস্টচেস্টার কাউন্টি এবং কানেকটিকাটে কাজ করার জন্য।

MTA কয়েক সপ্তাহের মধ্যে HNTB কে একটি "অগ্রসর হবার বিস্তৃতি" জারি করার আশা রাখে, সেই সময়ে চুক্তিগত পরিষেবাগুলির কাজ শুরু হবে। ডিজাইনের কাজ আরো অগ্রসর হলে আরো নির্দিষ্ট সময়সূচী তৈরি করা হবে প্রকল্পটির জন্য।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসারস্বাইব করুন](#)